দৈনিক সংবাদ

MAY 03 2002

তারিখ ...
পৃষ্ঠা ৭ কলাম ৩

# কলেজ দখলের চেষ্টা ব্যর্থ হওয়ার পর

নিজস্ব বার্তা পরিবেশক, চট্টগ্রাম ব্যুরো ঃ মিরসরাইয়ের নিজামপুর কলেজ ক্যাম্পাস দখলে ব্যর্থ হয়ে শিবির ক্যাডাররা ৩ ছাত্রলীগ কর্মীকে অপহরণ করেছে। অপহৃত ছাত্রলীগ কর্মী শরিফুল আলম নিজামীকে পায়ের রগ কেটে ও লোহার রড দিয়ে পিটিয়ে পঙ্গু করে অপহরণকারীরা সীতাকুণ্ড স্বাস্থ্য কমপ্লেক্সে পাঠিয়ে দিয়েছে। অন্য দু'জনের কোন সন্ধান মেলেনি। এ নিয়ে কলেজ ক্যাম্পাসে চরম উত্তেজনা দেখা দেয়ায় কলেজ কর্তৃপক্ষ নিজামপুর কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করেছেন।